

পাসের হারে এগিয়ে মাদ্রাসা বোর্ড, জিপিএ-৫ এ শীর্ষে ঢাকা

নিজস্ব প্রতিবেদক

৮ ফেব্রুয়ারি ২০২৩ ০১:৫৬ পিএম | আপডেট: ৮ ফেব্রুয়ারি

২০২৩ ০১:৫৭ পিএম

2
Shares



ছবি: সংগৃহীত

advertisement

চলতি বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এতে গড় পাসের হার ৮৫ দশমিক ৯৫ শতাংশ। আজ বুধবার বেলা সোয়া ১১টায় এ ফল প্রকাশ করা হয়।

ফল বিশ্লেষণ করে দেখা গেছে, পাসের হারে এবার এগিয়ে আছে মাদ্রাসা শিক্ষা বোর্ড। আর সর্বোচ্চ জিপিএ-৫ নিয়ে শীর্ষে রয়েছে ঢাকা শিক্ষা বোর্ড।

advertisement

মাদ্রাসা শিক্ষা বোর্ডে এবার পাসের হার ৯২ দশমিক ৫৬ শতাংশ। পাসের হারে দ্বিতীয় অবস্থানে রয়েছে কারিগরি শিক্ষা বোর্ড, এই বোর্ডে পাসের হার ৯১ দশমিক ২ শতাংশ। পাসের হারে তৃতীয় অবস্থানে কুমিল্লা। এই বোর্ডে পাসের হার ৯০ দশমিক ৭২ শতাংশ।

advertisement 4

অন্যদিকে জিপিএ-৫ নিয়ে শীর্ষে রয়েছে ঢাকা শিক্ষা বোর্ড। এই বোর্ডে মোট জিপিএ-৫ পেয়েছেন ৬২ হাজার ৪২১ জন। দ্বিতীয় অবস্থানে রয়েছে রাজশাহী শিক্ষা বোর্ড। এই বোর্ডে জিপিএ-৫ পেয়েছেন ২১ হাজার ৮৫৫ জন।

এর আগে বেলা ১১টার দিকে গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে এইচএসসির ফল হস্তান্তর করেন শিক্ষামন্ত্রী ও বিভিন্ন বোর্ডের চেয়ারম্যানরা। এ সময় শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী উপস্থিত ছিলেন।

শিক্ষার্থীরা নিজ নিজ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে গিয়ে ফল দেখতে পারবেন। যে কেউ রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইট ও মোবাইল এসএমএস করে ফল দেখতে পারবেন। এ ছাড়া www.educationboardresults.gov.bd ওয়েবসাইটে ক্লিক করে রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে রেজাল্ট শিট ডাউনলোড করতে পারবেন শিক্ষার্থীরা।